দৈনিক
ইত্তেফাক

তারিখ ....2.1.MAY.2016.
পৃষ্ঠা ... ৭ ... কলাম ৪ ... ......

# এক পরীক্ষার্থীর জন্য ১৩ কর্মকর্তা কর্মচারী

■মতলব দক্ষিণ (চাঁদপুর) সংবাদদাতা

পরীক্ষার্থী একজন। কর্মকর্তা ও কর্মচারী ছিল ১৩জন। মতলব রয়মনেন নেছা মহিলা ডিগ্রি কলেজ কেন্দ্রে গত বৃহস্পতিবার সকালে উচ্চমাধ্যমিকের অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল পরীক্ষায় মোঃ রাসেল প্রধান একাই পরীক্ষার্থী ছিলেন। আর একজন পরীক্ষার্থীর জন্য যথারীতি ব্যস্ত থাকতে হয়েছে ১৩ জনকে। এদের মধ্যে একজন কেন্দ্র ভারপ্রাপ্ত কর্মকর্তা, একজন সরকারি দায়িত্বপ্রাপ্ত অফিসার, পরীক্ষা কমিটির চারজন, কক্ষ পরিদর্শক দুইজন, পুলিশ দুইজন ও পিয়ন তিনজনকে দায়িত্ব পালন করতে হয়েছে। এ ব্যাপারে পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য জহিরুল ইসলাম বলেন, পরীক্ষার্থী একজন ঠিকই। কিন্তু সংশ্লিষ্ট সবাইকে কাজের কারণেই থাকতে হয়।